গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা,
বরিশাল বিভাগ, বরিশাল।
www.dpe.barisaldiv.gov.bd

অফিস আদেশ

বরিশাল বিভাগাধীন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নিম্নবর্ণিত শিক্ষককে নিজ খরচে তার নামের পার্শ্বে উল্লেখিত দেশে গমন ও অবস্থানের অনুমতি প্রদানসহ নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর বিধি ৩(১)(iii) অনুযায়ী অর্ধগড় বেতনে বহি:বাংলাদেশ অর্জিত ছুটি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হলো।

ক্রমিক নং	শিক্ষকের নাম, পদবী ও কর্মস্থল	মঞ্জুরীকৃত ভ্রমনের সময়কাল	দেশের নাম ও ভ্রমণের উদ্দেশ্য
০১.	জনাব বিভূতি ভূষণ হাওলাদার প্রধান শিক্ষক, মধ্য জ্ঞানপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, পাথরঘাটা, বরগুনা	২৮.০৭.২০২২ খ্রি. তারিখ হতে ২৬.০৮.২০২২ খ্রি. তারিখ পর্যন্ত অথবা- যাত্রার তারিখ থেকে ৩০ দিন	ভারত উন্নত চিকিৎসার জন্য

শর্তাবলী:

(ক) আবেদনকারীর ছুটির হিসাবে ছুটি পাওনা থাকতে হবে;
(খ) ছুটিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে;
(গ) বর্ণিত শিক্ষক বাংলাদেশে প্রত্যাবর্তনের পরে অনতিবিলম্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা / থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/ থানা শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট করবেন;
(ঘ) বিদেশ গমন ও অবস্থানের জন্য সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;
(ঙ) তিনি ছুটিকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য হবেন;
(চ) তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
(ছ) অনুমোদিত বহিঃবাংলাদেশ ছুটি পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না;
(জ) অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বা:/ (মোঃ জালাল উদ্দিন)
বিভাগীয় উপপরিচালক (চ: দা:)
প্রাথমিক শিক্ষা,
বরিশাল বিভাগ, বরিশাল।

স্মারক নং উপ-পরি/প্রাশি-বরি/প্রশা-১/বহি:গমণ/১১৪/২০১৯-৪৭৮ তারিখ : ৩ .০৮.২০২২ খ্রি:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরগুনা।
৩। উপজেলা শিক্ষা অফিসার, পাথরঘাটা, বরগুনা। **মঞ্জুরীকৃত ছুটি শিক্ষকের চাকুরী বহিতে লিপিবদ্ধ করার অনুরোধসহ।**
৪। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, পাথরঘাটা, বরগুনা।
৫। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল বিমান বন্দর, ঢাকা/ স্থল বন্দর, বেনাপোল, যশোর।
৬। জনাব মোঃ আবুল কালাম শরীফ, কম্পিউটার অপারেটর, অত্র দপ্তর, আদেশটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য বলা হলো।
৭। জনাব বিভূতি ভূষণ হাওলাদার, প্রধান শিক্ষক, মধ্য জ্ঞানপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, পাথরঘাটা, বরগুনা
৮। সংরক্ষণ নথি।

মোঃ জালাল উদ্দিন
বিভাগীয় উপপরিচালক (চ: দা:)
প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল।
☎ ০২৪৭৮৮-৬৪৪৮৯
E-mail: ddbarish@gmail.com

D:\DF-Foreign Toure & Leave-Grant-Teasher